 PG/IS/BENG/BL - 1104/09

২০০৯

বাংলা

পাঠপর্যায় — ১

পাঠমালা — ৪

COURSE No. —BL - 1104

*পূর্ণমান* : ৪০

*সময়* : ২ ঘন্টা

**সমস্ত** প্রশ্নের উত্তর দাও

*সকল প্রশ্নের মান সমান*

১। বাংলা গদ্যে ফোর্ট উইলিয়াম কলেজের দান সম্পর্কে আলোচনা করো।

অথবা

বাংলা গদ্যসাহিত্য চর্চায় রামমোহনের কৃতিত্ব বিচার করো।

২। ‘উত্তর চরিত’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র ভবভূতির কবি-প্রতিভার শক্তি ও সীমাবদ্ধতা যেভাবে নিরূপণ করেছেন, সে সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

“যেখানে তাহাদের মঙ্গল নাই, সেখানে দেশের কোন মঙ্গল নাই।” — কাদের প্রসঙ্গে মন্তব্যটি করা হয়েছে? তাদের মঙ্গল না ঘটার কারণ প্রাবন্ধিকের অনুসরণে বিবৃত করো।

৩। বিদ্যাসাগরের ‘ব্রজবিলাস’ গ্রন্থে তৎকালীন সমাজের যে চিত্র বর্ণিত হয়েছে তার পরিচয় দাও।

*অথবা*

‘ব্রজবিলাস’ গ্রন্থে বর্ণিত ব্রজনাথ বিদ্যারত্নের চরিত্র বিশ্লেষণ করো।

৪। ‘পঞ্চতন্ত্র’ গ্রন্থের ‘আধুনিক কবিতা’ প্রবন্ধে মুজতবা আলী আধুনিক কবিদের সপক্ষে যে যুক্তিগুলি দিয়েছেন তা বিশ্লেষণ করো।

*অথবা*

অনুবাদ সাহিত্য বিষয়ে মুজতবা আলীর অভিমত বিশ্লেষণ করো।

৫। "এইভাবে দেখা যায়, আমাদের বাঙ্গালা দেশের সংস্কৃতি কতটা প্রাচীনের রূপান্তর মাত্র।" — তোমাদের পাঠ্য 'ইতিহাস ও সংস্কৃতি' প্রবন্ধ অনুসরণে মন্তব্যটি আলোচনা করো।

*অথবা*

"এমন সময় অষ্টাদশ শতকের শেষভাগে ও উনবিংশ শতকের প্রথমার্ধে বাহিরের এক অতিপ্রবল সভ্যতা ও সংস্কৃতি আসিয়া বাঙ্গালীকে নাড়া দিল।" — এই সভ্যতার প্রভাব ভারতের সংস্কৃতির উপর কীভাবে পড়েছিল তা সংক্ষেপে আলোচনা করো।

---